তারিখ 26 JUN 2010
পৃষ্ঠা ... কলাম ...

যুগান্তর

# জাবি'র ৭৭ কোটি টাকার বাজেট ঘোষণা

জাবি প্রতিনিধি

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের ৭৭ কোটি টাকার বাজেট ঘোষণা করা হয়েছে। গতকাল সিনেটের ২৯তম বার্ষিক অধিবেশনে উপাচার্য অধ্যাপক ড. শরীফ এনামুল কবিরের সভাপতিত্বে এবং সিনেট সদস্যদের উপস্থিতিতে বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক মো. নাসির উদ্দিন ২০০৯-২০১০ অর্থবছরের ৬৬ কোটি ৪০ লাখ টাকার সংশোধিত এবং ২০১০-২০১১ অর্থবছরের ৭৭ কোটি টাকার বাজেট পেশ করেন। পরে সবার সর্বসম্মতিক্রমে এ বাজেট অনুমোদিত হয়। অধিবেশনে কোষাধ্যক্ষ বলেন, নীতিগত আয় ও ব্যাপক ব্যয়ের মধ্যে সমন্বয় করে বাজেট তৈরি করা হয়েছে। ২০০৯-২০১০ অর্থবছরের সংশোধিত বাজেটে এমফিল/পিএইচডি খাতে বরাদ্দ ৪ লাখ থেকে ৯ লাখ টাকায়, বিজ্ঞাপন (কমন) খাতে ১.৫০ লাখ টাকা থেকে ৮ লাখ টাকায়, ভ্রমণ ভাতা ১.৫০ থেকে ৯ লাখ টাকায়, স্বাস্থ্য বীমা খাতে ৮ লাখ থেকে ১২ লাখ টাকায় বৃদ্ধি করা হয়েছে। জোড়াও অতিকৃত বাসের জন্য বরাদ্দ ১০০.৬৯ লাখ টাকা থেকে ১৬৩.৬৫ লাখ টাকায় বৃদ্ধি করা হয়েছে। অন্যদিকে বিজনেস স্টাডিজ অনুষদে ২.০১ লাখ, ওয়াজেদ মিয়া বিজ্ঞান গবেষণা কেন্দ্রে ০.৪১ লাখ, ফিন্যান্স অ্যান্ড ব্যাংকিং বিভাগে ৬.৮৫ লাখ এবং মার্কেটিং বিভাগে ০.৭৯ লাখ টাকা নতুন বরাদ্দ ধরা হয়েছে। 'বাজেটে পরিবহন, বিদ্যুৎ, গ্যাস ও টেলিফোন' খাতে যথাক্রমে ৮৩৫.৫১ লাখ, ২৩৯.২৫ লাখ, ২৮.১৪ লাখ এবং ২৪.২০ লাখ টাকা বর্ধিত ধরা হয়েছে। ২০১০-২০১১ সালের মূল বাজেটে চিকিৎসাকেন্দ্রের ওষুধপত্র ক্রয় খাতের বরাদ্দ ০.২৫ লাখ টাকা, স্বাস্থ্য বীমা খাতের বরাদ্দ ২.০০ লাখ টাকা, বৈদ্যুতিক চার্জ খাতের বরাদ্দ ২০০.০০ লাখ টাকা থেকে ২৫৫.০০ লাখ টাকা, শিক্ষকদের পুস্তক খাতের বরাদ্দ ৯.৫০ লাখ টাকা থেকে ১০.০০ লাখ টাকা বৃদ্ধি করা হয়েছে।